2025/FYUG/EVEN/SEM/
BNGDSC–252/172

**FYUG Even Semester Exam., 2025**

# BENGALI

**( 4th Semester )**

Course No. : BNGDSC–252

**( বিশ শতকের বাংলা গদ্য-সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

https://www.learn-fo.com

## UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে, কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছে?

(খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র বা নায়ক কে? তিনি কোন্ গ্রামের অধিবাসী?

(গ) কুবেরের স্ত্রী ও কন্যার নাম কী?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আঞ্চলিক উপন্যাস' হিসেবে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সার্থকতা বিচার করো।

(খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাস অবলম্বনে কুবের চরিত্রটি বিশ্লেষণ করো।

### UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'কবি' উপন্যাস গ্রন্থাকারে প্রকাশিত হওয়ার আগে 'প্রভাতী' পত্রিকায় কত বঙ্গাব্দ থেকে কত বঙ্গাব্দ পর্যন্ত ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছে?

(খ) 'কবি' উপন্যাসের নিতাই কবিয়াল ছাড়া অন্য দুজন কবিয়ালের নাম লেখো।

(গ) 'কবি' উপন্যাসে 'দৈত্য কুলের প্রহ্লাদ' কে? তার উপাধি কী?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ঝুমুর দলের নায়িকা বসন ও নিতাই কবিয়ালের মধ্য দিয়ে তারাশঙ্কর যে ট্র্যাজিক রোমান্সের পটভূমি অঙ্কন করেছেন 'কবি' উপন্যাসের কাহিনি অবলম্বনে তার পরিচয় দাও।

(খ) 'কবি' উপন্যাস অবলম্বনে নিতাই কবিয়ালের চরিত্র আলোচনা করো।

### UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'একশো বছরের সেরা গল্প' সংকলনটির সম্পাদকের নাম কী? গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়?

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের দুটি গল্পগ্রন্থের নাম লেখো?

(গ) বনফুলের 'দুধের দাম' গল্পে উল্লেখিত দুজন যুবতীর নাম লেখো।





৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'মহেশ' গল্পের আর্থ-সামাজিক প্রেক্ষাপট আলোচনা করো।

(খ) 'পুঁইমাচা' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

### UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) আশাপূর্ণা দেবীর জন্ম ও মৃত্যু সাল লেখো।

(খ) মহাশ্বেতা দেবীর দুটি গল্পগ্রন্থের নাম লেখো।

(গ) 'বিছন' গল্পের জমিদার কে? কার বন্দুকের বাটের আঘাতে তার মৃত্যু হয়েছে?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) মহাশ্বেতা দেবীর 'পিণ্ডদান' গল্পের একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

(খ) "সংসার রঙ্গমঞ্চে প্রায় প্রত্যেক নারীই মুখোশ এঁটে অভিনয় করে যায়, আর এই বাস্তবানুগ ঘটনার প্রতিচ্ছবি আশাপূর্ণা দেবীর 'অভিনেত্রী' গল্পে প্রতিবিম্বিত।" পর্যালোচনা করো।

### UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বুদ্ধদেব বসুর 'সাহিত্যচর্চা' গ্রন্থে তোমাদের পাঠ্য নির্বাচিত প্রবন্ধগুলি ছাড়া অন্য দুটি প্রবন্ধের নাম লেখো।



https://www.learn-fo.com

(খ) 'রামায়ণ' প্রবন্ধটি কত খ্রিস্টাব্দে রচিত এবং প্রবন্ধটি কয়টি অধ্যায়ে বিভক্ত?

(গ) বাংলা শিশুসাহিত্যে সুকুমার রায়ের উল্লেখযোগ্য দুটি গ্রন্থের নাম লেখো।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বুদ্ধদেব বসুর 'মাইকেল' প্রবন্ধের সারসত্য তোমার নিদের ভাষায় আলোচনা করো।

(খ) প্রাবন্ধিক বুদ্ধদেব বসুর মতে—"কৃত্তিবাস বাল্মীকির বাংলা অনুবাদক নন, তিনি রামায়ণের বাংলা রূপকার।" এই মন্তব্যের আলোকে বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধটির মর্মার্থ পরিস্ফুট করো।

★★★

https://www.learnfo.com